

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১১৬২

৮. পবিত্রতা অর্জন (كِتَابُ الطَّهَارَةِ)

পরিচ্ছেদঃ উম্মু সুলাইম রাদিয়াল্লাহু আনহা বক্তব্য “নারীরা স্বপ্নে দেখে যেভাবে পুরুষরা দেখে থাকে” এর দ্বারা উদ্দেশ্য স্বপ্নদোষ হওয়া

ذَكَرُ الْبَيَانِ بَأَنَّ قَوْلَ أُمِّ سُلَيْمٍ: الْمَرْأَةُ تَرَى فِي مَنَامِهَا مَا يَرَى الرَّجُلُ أَرَادَتْ بِهِ الْإِحْتِلَامَ

আরবী

1162 - أَخْبَرَنَا الْفَضْلُ بْنُ الْحُبَابِ قَالَ: حَدَّثَنَا الْقَعْنَبِيُّ عَنْ مَالِكٍ عَنْ هِشَامِ بْنِ عُرْوَةَ عَنْ أَبِيهِ عَنْ زَيْنَبِ بْنِ أُمِّ سَلَمَةَ عَنْ أُمِّ سَلَمَةَ قَالَتْ: جَاءَتْ أُمُّ سُلَيْمٍ امْرَأَةً أَبِي طَلْحَةَ إِلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَتْ: يَا رَسُولَ اللَّهِ إِنَّ اللَّهَ لَا يَسْتَحْيِي مِنَ الْحَقِّ هَلْ عَلَى الْمَرْأَةِ غُسْلٌ إِذَا هِيَ احْتَلَمَتْ؟ قَالَ: (نعم إذا رأت الماء)
الراوي: أُمُّ سَلَمَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 1162 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

১১৬২. উম্মু সালামাহ রাদিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, “আবু তালহার স্ত্রী উম্মু সুলাইম রাদিয়াল্লাহু আনহা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর নিকট এসে বলেন, “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, নিশ্চয়ই আল্লাহ হক কথা বলতে লজ্জাবোধ করেন না। যখন কোন নারীর স্বপ্নদোষ হয়, তখন কি তার উপর গোসল আবশ্যিক হয়?” জবাবে তিনি বলেন, “হ্যাঁ, যখন সে বীর্য দেখবে।”[1]

ফুটনোট

[1] মুয়াত্তা ইমাম মালিক: ১/৫১; মুসনাদ ইমাম শাফে'ঈ: ১/৩৬; সহীহ বুখারী: ২৮২; সুনান বাইহাকী: ১/১৬৭-১৬৮; বাগাবী, শারহুস সুন্নাহ: ২৪৪; সহীহ ইবনু খুযাইমাহ: ২৩৫; মুসান্নাফ আব্দুর রাযযাক: ১০৪৯; মুসনাদ হুমাইদী: ২৯৮; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/৮০; মুসনাদ আহমাদ: ২/২৯২; সহীহ বুখারী: ১৩০; সহীহ মুসলিম: ৩১৩; তিরমিযী: ১২২; ইবনু মাজাহ: ৬৫০; নাসাঈ: ১/১১৪; ইবনুল জারুদ: ৮৮।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ২৩৭।)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ উম্মু সালামাহ (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=90475>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন